

কিউ-বুলেটিন

জুন-২০২০



কোভিড-১৯ সংক্রামক পরিস্থিতিতে, অসহায় ও দরিদ্র মানুষের পাশে কোয়ালিটি পরিবার



দানকৃত প্রসেস করা মুরগী



বিদ্যানন্দ-ফাউন্ডেশন কে প্রসেস করা মুরগী পৌছে দিচ্ছে কোয়ালিটি ইন্টিগ্রেটেড এগ্রো লিমিটেড



যথাযথ স্বাস্থ্যগত নিরাপত্তা বিধানের মাধ্যমে বিদ্যানন্দ-ফাউন্ডেশন কে প্রসেস করা মুরগী পৌছে দিচ্ছে কোয়ালিটি ইন্টিগ্রেটেড এগ্রো লিমিটেড

গত মে ২০২০ এ করোনা প্রাদুর্ভাবের কারণে সারাদেশে ৫০ হাজার দুস্থ মানুষের জন্য বিনামূল্যে রান্না করা খাবার পৌছে দেয়ার কাজ করছে বিদ্যানন্দ-ফাউন্ডেশন। আর এই মহৎ কাজকে এগিয়ে নিতে কোয়ালিটি গ্রুপ ১২ হাজার কেজি (১২ মেট্রিক টন) প্রসেস করা মুরগী দিয়ে সহযোগিতা করেছে।

কোয়ালিটি পরিবারের যাকাত প্রদান



পক্ষাঘাত গ্রন্থদের পুনর্বাসন কেন্দ্র সিআরপি এর কার্যালয়



যাকাত থেকে প্রাপ্ত অর্থ দিয়ে পক্ষাঘাত গ্রন্থদের পুনর্বাসন করে থাকে সিআরপি



যাকাত থেকে প্রাপ্ত অর্থ দিয়ে প্রাথমিক শিক্ষা ও পুষ্টি প্রকল্পের প্রাথমিক স্বাস্থ্যসেবা সরবরাহ করে থাকে সি জেড এম

বিগত বছরের ধারাবাহিকতায় গত মে ২০২০ এ কোয়ালিটি ফিডস লিমিটেডের, যাকাত ফান্ড থেকে এ বছরের যাকাত বাবদ মোট অর্থ সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সি জেড এম) এবং পক্ষাঘাত গ্রন্থদের পুনর্বাসন কেন্দ্র সেন্টার ফর দ্যা রিহ্যাবিলিটেশন অফ দ্য প্যারালাইজড (সিআরপি) এর নিকট হস্তান্তর করেন। প্রতিষ্ঠান গুলো প্রাপ্ত অর্থ দিয়ে প্রাথমিক শিক্ষা ও পুষ্টি প্রকল্পের প্রাথমিক স্বাস্থ্যসেবা সরবরাহ, মেরুদণ্ডের ইনজুরির রোগীদের আত্মনির্ভরশীল করার জন্য কম্পিউটার, প্রিন্টার, মনিটর এবং প্রশিক্ষণ সরঞ্জাম অনুদান সহ কল্যাণ মূলক কাজে ব্যবহার করছেন।

নিয়মিত ভিডিও কনফারেন্সের মাধ্যমে উৎপাদন ও বাজারজাতকরণ কার্যক্রম পরিচলনা

কোভিড-১৯ সংক্রামক পরিস্থিতির মধ্যেও, গত মে ২০২০ এ দেশের বৃহত্তর স্বার্থরক্ষায় প্রাণিজ খাদ্য উৎপাদনে (পোল্ট্রী, ডেইরী এবং ফিস) স্থিতিশীলতা বজায় রাখা ও পণ্য উৎপাদন প্রক্রিয়া, সরবরাহ এবং বাজারজাতকরণের ব্যবস্থা সক্রিয় রাখার লক্ষ্যে, কোয়ালিটি ফিডস লিমিটেডের উর্ধ্বতন কর্তৃপক্ষ (মাননীয় চেয়ারম্যান জনাব এম. কায়সার রহমান, মাননীয় ভাইস চেয়ারম্যান জনাব শাহরিয়ার হোসাইন, মাননীয় ব্যবস্থাপনা পরিচালক জনাব এহতেশাম বি. শাহজাহান, মাননীয় ডিরেক্টর জনাব মোঃ সাফির রহমান (গ্রুপ কর্পোরেট এন্ড লিগ্যাল এ্যাফেয়ার্স), মাননীয় ডিরেক্টর জনাব উজায়ের হাফিজ (সেলস এন্ড মার্কেটিং), সিনিয়র ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোঃ সরদার সাব্বির আহমেদ(মার্কেটিং) প্রতিনিয়ত ভিডিও কনফারেন্সের মাধ্যমে সেলস টিম (জেড আই সি বৃন্দ) এবং প্রতিটি প্লান্ট ইনচার্জ (পি আই সি) বৃন্দের সাথে নির্দেশনা মূলক আলোচনার মাধ্যমে বাজারজাতকরণ ও উৎপাদন কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন করার উৎসাহ এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা দিয়ে যাচ্ছেন।

 কোয়ালিটি ফিডস লিমিটেড

কিউ-বুলেটিন প্রকাশের মূল লক্ষ্য হচ্ছে কোম্পানীর যাবতীয় কার্যক্রম সম্পর্কে সকল কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করা। এ ব্যাপারে আপনাদের কোন পরামর্শ থাকলে তা সাদরে গৃহীত হবে।

মতামত পাঠানোর ঠিকানা : বরাবর, কর্পোরেট অ্যাফেয়ার্স এন্ড এইচ আর, কোয়ালিটি ফিডস লিমিটেড, বাড়ী-১৪, রোড নং-৭, সেক্টর-৪, ঢাকা-১২৩০